

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।
তারিখ	:	০৯.১২.২০১৯
সময়	:	সকাল ১১.০০ টা
স্থান	:	বিএমডির সভা কক্ষ।
উপস্থিত সদস্য	:	পরিশিষ্ট-ক

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির ইনোভেশন কমিটির সভাপতি জনাব মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।


## ২.০ আলোচনা :

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং জনপ্রশাসনে কাজের গতিশীলতা আনয়নে উদ্ভাবন চর্চায় গুরুত্বারোপ করা হয়েছে। এ লক্ষ্যে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি ছাড়া বিকল্প নেই। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ মাহফুজুর রহমান বলেন যে, বিএমডির ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত ৪ টি উদ্ভাবনী পরিকল্পনার মধ্যে মাননীয় সুপ্রিমকোর্ট ও হাইকোর্ট বিভাগে দায়েরকৃত বিএমডি সংক্রান্ত মামলাসমূহের সার্চ লিস্ট সেবা ইতোমধ্যে চালু করা হয়েছে। সদস্য সচিব আরও উল্লেখ করেন, ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত উদ্ভাবনী উদ্যোগের মধ্যে বিএমডির দপ্তরে অনার বোর্ড স্থাপন অন্যতম। বিএমডির দপ্তর প্রধান (মহাপরিচালক) এবং পরিচালকের কক্ষে অনার বোর্ড স্থাপন করা হলে সহজেই বর্তমান ও প্রাক্তন মহাপরিচালক ও পরিচালকগণের নাম ও কার্যকাল সম্পর্কে জানা যাবে। সভায় খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিএমডির দপ্তরে অনার বোর্ড স্থাপন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

## ৩.০ সিদ্ধান্ত :

- (১) বিএমডির দপ্তরে অনার বোর্ড স্থাপন;
- (২) বিবিধ আলোচনা।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
০৭.১২.২০১৯

মোঃ মামুনুর রশীদ  
সভাপতি, ইনোভেশন কমিটি  
ও  
উপপরিচালক  
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

নং-২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২.৭৩৮

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৬  
০৯ ডিসেম্বর ২০১৯

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দৃ.আ.-চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);
- ২। কর্মকর্তা (সকল)..... বিএমডি, ঢাকা;
- ৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা;
- ৪। সংশ্লিষ্ট নথি।



০৯.১২.২০১৯

মোঃ মামুনুর রশীদ  
উপপরিচালক